# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮১৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮০৭]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩৬৯ : হারামকৃত কাজে লিপ্ত হয়ে পড়লে কি বলা ও করা কর্তব্য

(369) بَابُ مَا يَقُوْلُهُ وَيَفْعَلُهُ مَنْ اِرْتَكَبَ مَنْهِيًّا عَنْهُ

---

আরবী

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: «مَنْ حَلَفَ فَقَالَ فِي حَلِفِهِ : بِاللاَّتِ وَالعُزَّى، فَلْيَقُلْ : لاَ إِلٰهَ إلاَّ اللهُ، وَمَنْ قَالَ لِصَاحِبِهِ : تَعَالَ أُقَامِرْكَ فَلْيَتَصَدَّقْ» .متفق عليه

বাংলা

আল্লাহ তা’আলা বলেছেন,

وَإِمَّا يَنزَغَنَّكَ مِنَ الشَّيْطَانِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللَّهِ ۚ إِنَّهُ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ

অর্থাৎ যদি শয়তানের কুমন্ত্রণা তোমাকে প্ররোচিত করে তবে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা কর। নিশ্চয় তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (সূরা ফুসস্বিলাত ৩৬ আয়াত)

তিনি আরও বলেছেন,

إِنَّ الَّذِينَ اتَّقَوْا إِذَا مَسَّهُمْ طَائِفٌ مِنَ الشَّيْطَانِ تَذَكَّرُوا فَإِذَا هُمْ مُبْصِرُونَ

অর্থাৎ নিশ্চয়ই যারা সাবধান হয়, যখন শয়তান তাদেরকে কুমন্ত্রণা দেয়, তখন তারা আত্ম-সচেতন হয় এবং তৎক্ষণাৎ তাদের চক্ষু খুলে যায়। (সূরা আ’রাফ ২০১ আয়াত)

তিনি আরও বলেছেন,

وَالَّذِينَ إِذَا فَعَلُوا فَاحِشَةً أَوْ ظَلَمُوا أَنْفُسَهُمْ ذَكَرُوا اللَّهَ فَاسْتَغْفَرُوا لِذُنُوبِهِمْ وَمَنْ يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا اللَّهُ وَلَمْ يُصِرُّوا عَلَىٰ مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ أُولَٰئِكَ جَزَاؤُهُمْ مَغْفِرَةٌ مِنْ رَبِّهِمْ وَجَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ۚ وَنِعْمَ أَجْرُ الْعَامِلِينَ

অর্থাৎ যারা কোন অশ্লীল কাজ করে ফেললে অথবা নিজেদের প্রতি জুলুম করলে আল্লাহকে স্মরণ করে এবং

নিজেদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে। আর আল্লাহ ছাড়া আর কে পাপ ক্ষমা করতে পারে? এবং তারা যা [অপরাধ] করে ফেলে তাতে জেনে-শুনে অটল থাকে না। ঐ সকল লোকের প্রতিদান তাদের প্রতিপালকের কাছে ক্ষমা এবং জান্নাত; যার নিচে নদীসমূহ প্রবাহিত। সেখানে তারা চিরকাল থাকবে। এবং [সৎ]কর্মশীলদের পুরস্কার কতই না উত্তম। (সূরা আলে ইমরান ১৩৫ -১৩৬ আয়াত)

তিনি আরও বলেছেন, وَتُوبُوا إِلَى اللَّهِ جَمِيعًا أَيُّهَ الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ

অর্থাৎ তোমরা সকলে আল্লাহর দিকে তওবা [প্রত্যাবর্তন] কর, যাতে তোমরা সফলকাম হতে পার। (সূরা নূর ৩১ আয়াত)

---

১/১৮১৬। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’যে ব্যক্তি কসম করে বলে, ’লাত ও উয্যার কসম’, সে যেন ’লা ইলাহা ইল্লাল্লাহ’ বলে। আর যে ব্যক্তি তার সঙ্গীকে বলে, ’এস তোমার সাথে জুয়া খেলি’, সে যেন সাদকাহ করে।’’ (বুখারী-মুসলিম) [1]

## English

(369) Chapter: Expiation for the violation of Commandments of Allah

Allah, the Exalted, says:
"And if an evil whisper from Shaitan (Satan) tries to turn you away (O Muhammad (PBUH) (from doing good), then seek refuge in Allah.'' (41:36)

"Verily, those who are Al-Muttaqun (the pious), when an evil thought comes to them from Shaitan (Satan), they remember (Allah), and (indeed) they then see (aright).'' (7:201)

"And those who, when they have committed Fahishah or wronged themselves with evil, remember Allah and ask forgiveness for their sins; - and none can forgive sins but Allah - and do not persist in what (wrong) they have done, while they know. For such, the reward is forgiveness from their Rubb, and Gardens with rivers flowing underneath (Jannah), wherein they shall abide forever. How excellent is this reward for the doers (who do righteous deeds according to Allah's Orders)!'' (3:135,136)

"And all of you beg Allah to forgive you all, O believers, that you may be successful.'' (24:31)

Abu Hurairah (May Allah be pleased with him) said:
The Prophet (ﷺ) said, "He who takes an oath and involuntarily says: 'By Al-Lat and Al-'Uzza' should at once affirm: 'La ilaha illallah (there is no true god except Allah)', and he who says to his companion: 'Come let's gamble' should make expiation by giving something in charity."

[Al-Bukhari and Muslim].

Commentary: Al-Lat and Al-`Uzza were the idols of the polytheists of Arabia. To take oath or swear by them or by anything else besides Allah is an act of disbelief which takes one out of the fold of religion.
If any person swears by anything or anybody else other than Allah, he should recite "La ilaha illa Allah" and refresh and re-establish his belief in Allah. Similarly, if someone indulges in other sins, then he should repent and give in charity according to his resources. The reason is, as Allah (SWT) says: "Verily, the good deeds remove the evil
deeds (i.e., small sins).'' (11:114).

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪৮৬০, ৬১০৭, ৬৩০১, ৬৬৫০, মুসলিম ১৬৪৭, তিরমিযী ১৫৪৫, নাসায়ী ৩৭৭৫, আবূ দাউদ ৩২৪৭, ইবনু মাজাহ ২০৯৬, আহমাদ ৮০২৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32563

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন